ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৫৩২

খোয়াই, ১ নভেম্বর, ২০২৫

**৩ দিনব্যাপী রাজ্যভিত্তিক অনূর্দ্ধ ১৭ বালকদের**
**স্কুল স্পোর্টস ফুটবল প্রতিযোগিতা শুরু**

খোয়াই জেলা স্কুল স্পোর্টস বোর্ডের উদ্যোগে খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের সিন্থেটিক ফুটবল মাঠে আজ থেকে শুরু হয়েছে ৩ দিনব্যাপী রাজ্যভিত্তিক স্কুল স্পোর্টস অনুর্ধ্ব ১৭ বালক দের ফুটবল প্রতিযোগিতা। আনুষ্ঠানিকভাবে একটি গাছে জল সিঞ্চনের মধ্য দিয়ে ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহরায় (দত্ত)। উদ্বোধক হিসেবে সভাধিপতি শ্রী সিংহরায় (দত্ত) বক্তব্য রাখতে গিয়ে বলেন, খেলাধুলা ও শরীরচর্চা মানুষের মন ও স্বাস্থ্যের বিকাশ ঘটায় ও রোগ মুক্ত সুস্থ শরীর গড়ে তোলা। তিনি বলেন, রাজ্যের ক্রীড়া পরিকাঠামো উন্নয়নে সরকার ব্যাপকভাবে কাজ করছে। বিভিন্ন সুযোগ কাজে লাগিয়ে খেলাধুলায় রাজ্যের মুখ উজ্জ্বল করতে ও নিজেদের একজন আদর্শ খেলোয়াড় হিসেবে গড়ে তুলতে তিনি সকলের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশিস নাথ শর্মা, জেলাশাসক রজত পন্থ, রাজ্য স্কুল স্পোর্টস বোর্ডের যুগ্মসচিব শোভনজিৎ সিনহা, বিশিষ্ট সমাজসেবী বিনয় দেববর্মা, রমেন সাঁওতাল, খোয়াই ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি সমীর কুমার দাস, জেলা ক্রীড়া আধিকারিক কমলেন্দু শীল প্রমুখ। স্বাগত ভাষণ দেন জেলা স্কুল স্পোর্টস বোর্ডের যুগ্ম সচিব অজয় ভট্টাচার্য। সভাপতিত্ব করেন জিলা পরিষদের সহকারি সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস। ৩ দিনব্যাপী রাজ্যভিত্তিক স্কুল স্পোর্টস অনুর্ধ্ব ১৭ বালক ফুটবল প্রতিযোগিতায় রাজ্যের ৮টি জেলা থেকে ৮টি টিম ও স্পোর্টস স্কুলের ১টি টিম অংশ নিয়েছে।

******